

বাংলাদেশ ব্যাংক  
প্রধানকার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০।  
বাংলাদেশ।  
www.bb.org.bd

এসএমইএসপিডি সার্কুলার নং-০৫

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট

বৈশাখ ১৩, ১৪২৮  
তারিখঃ \_\_\_\_\_  
এপ্রিল ২৬, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক নিজস্ব ‘স্টার্ট-আপ ফান্ড’ গঠন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে মার্চ ২৯, ২০২১ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা  
যাচ্ছে।

০২। স্টার্ট-আপ ফান্ড গঠন সংক্রান্ত বিষয়ে সূত্রালীয়িত সার্কুলারের অনুচ্ছেদ “খ” ও “খ(১)” নিম্নরূপভাবে প্রতিশ্রূতিপ্রাপ্ত হবেঃ

“(খ) তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তাদের বাংসরিক নীট মুনাফা হতে ১% অর্থ স্থানান্তরপূর্বক নিজস্ব ‘স্টার্ট-আপ ফান্ড’ গঠন।”

“(খ) (১) ব্যাংকসমূহ ২০২১ সাল হতে পরবর্তী ০৫(পাঁচ) বছর সময়ে প্রতি বছর তাদের নীট মুনাফা (নিরীক্ষিত আর্থিক বিবরণী  
অনুযায়ী) হতে ১% হারে অর্থ স্টার্ট-আপ উদ্যোক্তাদের অনুকূলে বিতরণের লক্ষ্যে তহবিল হিসেবে সংরক্ষণ করবে। ২০২০ সালের  
ডিসেম্বর ভিত্তিক বাংসরিক হিসাব চূড়ান্তকালে নীট মুনাফা হতে বাধ্যতামূলকভাবে উক্ত ১% তহবিল স্থানান্তর শুরু করতে হবে;”

০৩। এত্যুতীত ‘স্টার্ট-আপ’ ফান্ড সংক্রান্ত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ তারিখঃ মার্চ ২৯, ২০২১ এ বর্ণিত অন্যান্য  
নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(হসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২